

কৃষি বিপণন অধিদপ্তর - যশোরের উন্নয়ন কর্মকান্ড

কৃষি বিপণন বাজার তথ্য সংগ্রহ ও প্রচার , বাজার অবকাঠামো ও কৃষি পণ্যের মূল্য সংযোজন সুবিধা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষি পণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর ,সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়,যশোর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আধুনিক কৃষি বাজার ব্যবস্থাপনা,পণ্যের আধুনিক মোড়কীকরণ,গ্রেডিং,প্রসেসিং,পরিবহণ ও পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য কৃষক ও ব্যবসায়ীদের ট্রেনিং প্রদান, নন-ট্যাক্স রাজস্ব আদায়, কৃষক ও ব্যবসায়ীদের মধ্যে বাজার সংযোগ স্থাপনের পাশাপাশি কৃষি বিপণন অধিদপ্তর যশোর কার্যালয় বিগত ১৫ বছর যে সকল উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে তার মধ্যে বাজার সুবিধা বৃদ্ধির লক্ষ্যে যশোর,ঝিকরগাছায়, গদখালী ও পানিসারায় আধুনিক বিপণন সুবিধা সম্বলিত ৭,২০০ বর্গফুট (প্রতিটি) ফুল বিপণন কেন্দ্র নির্মাণ করেছেন এবং স্বল্প সময়ের জন্য সবজির পঁচনরোধ ও সংরক্ষণের জন্য সদর ও বাঘারপাড়া উপজেলায় ১১(এগারো)টি জিরো এনার্জি কুল চেম্বারসহ অত্র অঞ্চলের সবচেয়ে বড় সবজির বাজার বারীনগর বাজারে কৃষকরা যাতে তাদের উৎপাদিত নিরাপদ সবজি সরাসরি এই বাজারে এনে অধিকমূল্যে বিক্রি করতে পারে তার জন্য একটি কৃষকের বাজার স্থাপন করা হয়েছে,